# 2025

## BENGALI

( Honours Elective )

Paper : BEN–HE–6016

( উত্তর-পূর্বের বাংলা সাহিত্য )

Anandaram Dhekial Phookan College Library * Nagaon : Assam *
Acc. No.
Date

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : ১×১০=১০

(ক) গুণধরের বাবার নাম কী?

(i) ধনঞ্জয়

(ii) মৃত্যুঞ্জয়

(iii) উজ্জ্বল

(iv) পবিত্র

(খ) বি. এ.তে উজ্জ্বল কত পার্সেন্ট মার্কস পেয়েছিল ?

(i) ৪৬%

(ii) ৪৬·৩৭%

(iii) ৪৫·৩৭%

(iv) ৪৫%

(গ) ''একই কোম্পানির ছাপ-মারা কে রে তুই বাপ ? ওখানে দাঁড়িয়ে কী করছিস ?'' বক্তা কে ?

(i) উজ্জ্বল

(ii) পবিত্র

(iii) ধনঞ্জয়

(iv) চক্রবর্তীবাবু

Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
* Nagaon : Assam *

(ঘ) চক্রবর্তীবাবুর পুঁচকি নাতনি সবার সঙ্গে কী খেলতে চেয়েছিল ?

(i) কড়ি

(ii) লুডো

(iii) দাবা

(iv) ক্যারাম





(ঙ) অনন্তের সবচেয়ে কাছের বন্ধু কে ?

(i) বাবুলু

(ii) দীপু

(iii) মিতু

(iv) অণু

(চ) 'আসরাফ আলির স্বদেশ' গল্পে আসরাফের বয়স কত ছিল ?

(i) ১৪–১৫ বছর

(ii) ১০–১১ বছর

(iii) ১২–১৩ বছর

(iv) ১৯–২০ বছর

Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
* Nagaon : Assam *

(ছ) ধীরুঠাকুর কাকে পুত্রসম জ্ঞান করতেন ?

(i) ধনিয়ারামকে

(ii) বিশ্বকর্মাকে

(iii) দলুইকে

(iv) অনন্তকে

(জ) টোকিনের বাবা ছিল পেশায় একজন

*(i)* কাঠমিস্ত্রী

*(ii)* রাজমিস্ত্রী

*(iii)* দোকানদার

*(iv)* মেকানিক

(ঝ) 'উমিয়াম উমইউ' শব্দগুচ্ছের মানে হলো

*(i)* পরিবেশ দূষণ

*(ii)* যে নদী কাঁদে

*(iii)* যুদ্ধের দেবতা

*(iv)* ঝড়ের অভিসার

Anandaram Dhekial Phookan College Library Acc. No. Date * Nagaon : Assam *

(ঞ) 'শিলঙের আদিমাতা' কে?

*(i)* লাও কেলতাং

*(ii)* উলের শিলং

*(iii)* লাপা সিনতিউ

*(iv)* পিকের রানি





২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও : ২×৫=১০

(ক) ''আপনাকে কেউ ঘুমোতে বলে না?'' বক্তা কে? কাকে উদ্দেশ্য করে এ-কথা বলা হয়েছে?

(খ) গুণধর কোন্ ক্লাসের শেষদিনের পরীক্ষা দেয়নি? তার এই পরীক্ষা না দেওয়ার কারণ কী?

(গ) ''ওই পাঁচটা মারবল কিন্তু ভুলিস না। আমি ফিরে এসে তোর কাছ থেকে নেব।'' বক্তা কে? সে কাকে উদ্দেশ্য করে কথাটি বলেছে?

(ঘ) পাকিস্তান ও হিন্দুস্থানে আসরাফের স্বদেশ কেড়েছে যে দুজন ব্যক্তি তাদের নাম লেখো।

(ঙ) ''শুধু তোর মুখ চেয়ে ওরা ছেলেটাকে মারছে না, নয়তো কবেই ওর মাথা গুঁড়িয়ে দিত।'' বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) : ৫×৪=২০

(ক) ''এতটুকু ছাতা অত্তবড়ো আকাশটাকে কীরকম ঢেকে ফেলে।'' উক্তিটির সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

(খ) গোপাল মাস্টারের সঙ্গে গুণধরের কথোপকথনের ঘটনাটি নিজের ভাষায় লেখো।

Anandaram Dhekial Phookan College Library Acc. No. Date * Nagaon : Assam *

(গ) 'অশ্রুনদী' গল্পের হরনাথ সম্পর্কে যা জান তা সংক্ষেপে লেখো।

(ঘ) শহরের অলি-গলিতে ধীরুঠাকুর 'কাউয়াঠাকুর' বলে পরিচিত হয়েছিলেন কেন, বুঝিয়ে লেখো।

(ঙ) রিটার মায়ের চরিত্র বর্ণনা করো।

(চ) উ-থেলেনের জন্মকাহিনি বর্ণনা করো।

Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
* Nagaon : Assam *

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন চারটি) : ১০×৪=৪০

(ক) 'গুণধরের অসুখ' নাটকটির হাস্যরস সম্বন্ধে আলোচনা করো।

(খ) 'গুণধরের অসুখ' নাটকে রবীন্দ্রসংগীত প্রয়োগের ক্ষেত্রে নাট্যকারের প্রতিভার পরিচয় দাও।

(গ) 'ভগীরথের তালা' গল্পের কাহিনি তোমার নিজের ভাষায় লেখো।

(ঘ) 'অশ্রুনদী' গল্পের নামকরণের সার্থকতা নিরূপণ করো।

(ঙ) 'আসরাফ আলির স্বদেশ' গল্পে আসরাফ আলি চরিত্রের মধ্য দিয়ে উত্তর-পূর্বের বাঙালি জীবনের যে চিত্র লেখক অঙ্কন করেছেন তার বিবরণ দাও।

(চ) 'বিলোরিস' উপন্যাসের 'সুমন্ত' চরিত্রটি বিশ্লেষণ করো।





(ছ) 'বিলোরিস' উপন্যাসে বর্ণিত খাসিদের নৃত্যোৎসব সম্পর্কে বিবরণ দাও।

(জ) বিলোরিসের জীবনের নানা অধ্যায় ও তার পরিণতি সম্পর্কে সবিশেষ লেখো।

Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
* Nagaon : Assam *

★★★